

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
পলিসি শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.১৫১

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৭

১৬ নভেম্বর ২০২০

বিষয়: বর্তমান করোনা পরিস্থিতিতে আইসিটি বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে চালুকৃত 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ ব্যবহারের উদ্যোগ গ্রহণ।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং-৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.৫৪; তারিখ: ০৬.০৬.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে করোনা ভাইরাসের বিস্তার রোধে নাগরিকদের জন্য আইসিটি বিভাগ 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ তৈরি করেছে। গত ৪ জুন ২০২০ তারিখ অনলাইন প্ল্যাটফর্ম জুম-এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি অ্যাপটি উদ্বোধন করেছেন।

২। উল্লেখ্য যে, স্বাস্থ্য অধিদপ্তর, আইইডিসিআর, এটুআই, এসডিএমজিএ ও সহজ লিমিটেড-এর সহযোগিতায় তৈরিকৃত অ্যাপটি করোনা পজিটিভ ব্যক্তিদের শনাক্ত করার চেষ্টা করবে এবং পারস্পরিক সংস্পর্শে আসা ব্যক্তিদের খুঁকি সম্পর্কে অবহিত করবে। এক-দুই মিটারের মধ্যে থাকা করোনা ভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের হিষ্টিগুলো ডাটাবেজে পাঠাবে। কেউ যদি আক্রান্তের কাছাকাছি চলে যায় তাহলে সে স্মার্টফোনে অ্যালার্ট মেসেজ পাবে। এছাড়া সংস্পর্শে আসা ব্যক্তির যদি কয়েক দিন পরও করোনা পজিটিভ হয় তাহলেও স্মার্টফোন থেকে সতর্কবার্তা পাওয়া যাবে। স্মার্টফোন থেকে (<https://play.google.com/store/apps/details?id=com.shohoz.tracer>) এই লিংকে ক্লিক করে অ্যাপটি ডাউনলোড করা যাবে।

০৩। বর্ণিত অ্যাপটি তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে ব্যবহারের নির্দেশ প্রদানের জন্য ইতিপূর্বে সূত্রস্থ স্মারকে অনুরোধ জানানো হয়েছিল। যেহেতু কোভিড-১৯ সংক্রমণের ঝুঁকি এখনো বিদ্যমান এবং কোভিড-১৯ এর ২য় ঢেউয়ে ব্যাপক সংখ্যক জনসাধারণের আক্রান্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে সেহেতু, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে অ্যাপটি ব্যবহারের নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

১৬-১১-২০২০

রায়হানা ইসলাম

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮৭৪

সিনিয়র সচিব/সচিব (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.১৫১/১(৩)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৭

১৬ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, আইসিটি অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬-১১-২০২০

রায়হানা ইসলাম

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)